

ঢাবিতে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের গ্রাফিতি দেখলেন প্রধান উপদেষ্টা

অনলাইন ডেক্স

১৬ অক্টোবর ২০২৪, ০৭:৩২ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আজ গ্রাফিতি দেখেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস

গত জুলাই ও আগস্টে হওয়া ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় আন্দোলনকারীদের আঁকা গ্রাফিতি দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এলাকা পরিদর্শন করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস। আজ বুধবার দুপুরে প্রধান উপদেষ্টার অফিসিয়াল ফেসবুক আইডিতে এক পোষ্টে বিষয়টি জানানো হয়।

UNIBOTS



-14:19



প্রধান উপদেষ্টা ঢাবির বিভিন্ন এলাকা ঘুরে ঘুরে ওই সব এলাকার দেয়ালে আঁকা গ্রাফিতি দেখেন।



এ সময় প্রধান উপদেষ্টার সঙ্গে আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম উপস্থিত ছিলেন।



উল্লেখ্য, ছাত্র-জনতার অভ্যুত্থান চলাকালে ঢাবিসহ দেশের অনেক এলাকার দেয়ালে আন্দোলনের দাবি সম্বলিত গ্রাফিতি আঁকা হয়। এরপর গণঅভ্যুত্থানের মুখে সরকার পতন হলেও আরও বেশি গ্রাফিতি আঁকা হয়। এতে আন্দোলনের নানা স্লোগান ও চিত্র স্থান পায়।

